

আসসালামুআলাইকুম ওয়া রাহমাতুল্লাহহ ওয়া বারাকাতুহু বিসমিল্লাহির রহমাহির রহীম

আজকের আলোচনার বিষয়বস্তু: পবিত্র কোরআনের ৯৯ নম্বর সূরা- সূরা আল যিলযাল। যিলযাল অর্থ ভূমিকম্প।

২০২৩ সালে ৬ইই ফেব্রুয়ারি ভোর রাতে যখন মানুষ ঘুমিয়ে ছিলো তখন তুরস্কের দক্ষিণাঞ্চলে এবং লাগোয়া সিরিয়ার উত্তরাঞ্চলে ভয়াবহ ভূমিকম্প হয়েছে। গত ১০০ বছরে এ অঞ্চলে এত ভয়ংকর ভূমিকম্প হয় নি। রোগ, মহামারী, অতিমারী, ঘূর্ণিঝড়, জলোচ্ছাস, টর্নেডো, ভূমিকম্প, অগ্নিউৎপাত, যুদ্ধ-বিদ্রোহ, জুলুম-অত্যাচার, শোষণ-নিষ্পেষণ ইত্যাদিতে জান মালের অনেক ক্ষয়ক্ষতি হয়। এই সবগুলোই হলো কিয়ামত আসার পূর্বে ছোট কেয়ামত-মানুষকে সতর্ক করার জন্য আল্লাহর পক্ষ থেকে সতর্ক বার্তা। যাতে করে মানুষ আল্লাহর পথে ফিরে আসে। এখানে আমরা আলোচনা করবো কেয়ামতের ভূকম্পন বা ভূমিকম্প। যে ভূমিকম্প অনেক ভয়ংকর হবে। পুরো বিশ্ব পৃথিবী, চন্দ্র, সূর্য, গ্রহ, নক্ষত্র, আকাশমণ্ডলী সব কিছুই ধ্বংসপ্রাপ্ত হবে। সমস্ত প্রাণী, জ্বীন, ইনসান ধ্বংসপ্রাপ্ত হবে। এবং সকলেই আল্লাহর সম্মুখে বিচারের সম্মুখীন হতে হবে। ভালো কাজের প্রতিফল জান্নাত খারাপ কাজের প্রতিফল জাহান্নাম। সেখানে চিরকাল বসবাস করবো। সূরা যিলযালের আরবি বাংলা তরজমা এবং শব্দার্থ এখানে উল্লেখ করা হচ্ছে।

إِذَا زُلْزِلَتِ الْأَرْضُ زِلْزَالَهَا

পৃথিবী যখন কম্পনে প্রবলভাবে প্রকম্পিত হবে,

وَأُخْرِجَتِ الْأَرْضُ أَثْقَالَهَا

এবং পৃথিবী যখন তার ভারসমূহ বের করে দিবে,

وَقَالَ الْإِنْسَانُ مَا لَهَا

এবং মানুষ বলবেঃ এর কি হল?

يَوْمَئِذٍ تُحَدِّثُ أَخْبَارَهَا

সেদিন পৃথিবী তার বৃত্তান্ত বর্ণনা করবে।

بِأَنَّ رَبَّكَ أَوْحَىٰ لَهَا

তোমার রাব্ব তাকে আদেশ করবেন।

يَوْمَئِذٍ يَصْدُرُ النَّاسُ أَشْتَاتًا لِّيُرَوْا أَعْمَلَهُمْ

সেদিন মানুষ দলে দলে বের হবে, কারণ তাদেরকে তাদের কৃতকর্ম দেখানো হবে।

فَمَنْ يَعْمَلْ مِثْقَالَ ذَرَّةٍ خَيْرًا يَرَهُ

কেহ অণু পরিমাণ সৎ কাজ করলে তাও দেখতে পাবে।

وَمَنْ يَعْمَلْ مِثْقَالَ ذَرَّةٍ شَرًّا يَرَهُ

এবং কেহ অণু পরিমাণ অসৎ কাজ করলে তাও দেখতে পাবে।

الأَرْضُ পৃথিবী	وَأَخْرَجَتْ এবং বের করে দিবে	زَلَزَلْتَهَا তার চূড়ান্ত ঝাকুনিতে	الأَرْضُ পৃথিবীকে	زُلْزِلَتْ কাঁপিয়ে দেয়া হবে	إِذَا যখন
يَوْمَئِذٍ সেদিন	لَهَا হলো এর	مَا কি	الْإِنْسَانَ মানুষ	وَقَالَ এবং বলবে	أَتَقَالَهَا তার বোঝা সমূহ
	أَوْحَى নির্দেশ দিবেন	رَبِّكَ তোমার প্রভু	بِأَنَّ কারণ	أَخْبَارَهَا ইহার সমস্ত খবরসমূহ	تُحَدِّثُ সে (পৃথিবী) বলে দেবে
	أَشْتَاتًا দলে দলে	النَّاسِ মানবজাতি	يَصْدُرُ সামনে বেরিয়ে আসবে	يَوْمَئِذٍ সেদিন	لَهَا ইহাকে (পৃথিবীকে)
	مِثْقَالَ পরিমাণ	يَعْمَلُ আমল করবে	فَمَنْ সুতরাং যে	أَعْمَالِهِمْ তাদের আমল সমূহ	لِيُرَوْا অবশ্যই তাদের দেখানো হবে
مِثْقَالَ পরিমাণ	يَعْمَلُ আমল করবে	وَمَنْ এবং যে	يَرَهُ সে দেখতে পাবে উহা	خَيْرًا ভালো	ذَرَّةً অনু
			يَرَهُ সে দেখতে পাবে উহা	شَرًّا মন্দ	ذَرَّةً অনু

Click here: <http://www.morningbrightness.fi/>

Click here: <https://www.youtube.com/@morningbrightness603>

কিছু Grammar:

১. যুক্ত শব্দ। শব্দের সাথে আরেক শব্দ বা অক্ষর যুক্ত হওয়া। অথবা অক্ষরের সাথে শব্দ যুক্ত হওয়া। অথবা অক্ষর যুক্ত হওয়া।

ক) উদাহরণ $زُرْنَا = هَا + زُرْنَا$; $زُرْنَا$ অর্থ ঝাঁকুনি অথবা চূড়ান্ত ঝাঁকুনি। $هَا$ অর্থ তার। $هَا$ শব্দটি সর্বনাম স্ত্রীলিঙ্গ। এই $هَا$ ব্যবহৃত হয়েছে এজন্য যে $الْأَرْضُ$ বিশেষ্য স্ত্রীলিঙ্গ। সে জন্য স্ত্রীলিঙ্গ সর্বনাম ব্যবহৃত হয়েছে।

খ) $أَنْقَلْنَا = هَا + أَنْقَلْنَا$; $أَنْقَلْنَا$ অর্থ বোঝাসমূহ, বিশেষ্য বহুবচন। $الْأَرْضُ$ যেহেতু স্ত্রীলিঙ্গ সে জন্য স্ত্রীলিঙ্গ সর্বনাম ব্যবহৃত হয়েছে।

গ) $لَهَا = هَا + لَهَا$; $لَهَا$ অর্থ জন্য, দ্বারা, with ইত্যাদি। $هَا$ অর্থ তার, এর ইত্যাদি। $هَا$ সর্বনামটিও $الْأَرْضُ$ দিকে ইঙ্গিত দিচ্ছে।

ঘ) $أَخْبَارَهَا = هَا + أَخْبَارَهَا$; $أَخْبَارَهَا$ বহুবচন, খবরসমূহ। $هَا$ ইংগিত $الْأَرْضُ$ দিকে।

ঙ) $أَنَّ = بٍ + أَنَّ$; $بٍ$ অর্থ সহিত, with; $أَنَّ$ অর্থ যে, that;

চ) $رَبِّكَ = كَ + رَبِّكَ$; $رَبِّكَ$ অর্থ রব। $كَ$ সর্বনাম অর্থ তোমার পুলিঙ্গ।

ছ) $لِيُرَوْا = لٍ + يُرَوْا$; এখানে $لٍ$ অর্থ অবশ্যই; $يُرَوْا$ দেখানো হবে।

জ) $أَعْمَالَهُمْ = هُمْ + أَعْمَالَهُمْ$; $أَعْمَالَهُمْ$ অর্থ আমলসমূহ, বহুবচন বিশেষ্য। $هُمْ$ সর্বনাম পুলিঙ্গ তাদের। এখানে মানুষকে বোঝানো হয়েছে।

ঝ) $فَمَنْ = مَنْ + فَمَنْ$; $فَمَنْ$ অর্থ সুতরাং। $مَنْ$ অর্থ কে, যে ইত্যাদি।

ঞ) $يَرَاهُ = هُ + يَرَاهُ$; $يَرَاهُ$ ক্রিয়া, বর্তমান, ভবিষ্যৎকাল, সে দেখবে বা দেখে বা দেখতে পারে। $هُ$ অর্থ উহা বা ইহা অর্থাৎ আমলনাম।

মোটামুটি কিছুটা সংক্ষিপ্ত Grammar এর ধারণা দেয়া হলো। ধীরে ধীরে আরো detail শিখতে পারলে ভালোভাবে কুরআন বুঝা যাবে ইনশাআল্লাহ।

প্রিয় ভাই ও বোনেরা, এ সূরার শিক্ষণীয় বিষয় হলো। কিয়ামত বিচারের দিন, জান্নাত, জাহান্নাম অবশ্যই আল্লাহ তা'য়ালার নির্ধারণ করেছেন। বর্তমান দুনিয়ায় প্রতিনিয়ত ছোটো ছোটো কিয়ামত আমরা সংঘটিত হতে দেখি। আসুন আমাদের মৃত্যু অথবা কিয়ামত আসার পূর্বেই আমরা সতর্ক হয়ে যাই। খারাপ কাজ ছেড়ে দিই। ভালো কাজ করি। আল্লাহ ও রাসূলের নির্দেশ পথে নিজেদের পরিচালিত করি। আল্লাহ আমাদেরকে হেদায়েত দান করুন।

আমীন

আসসালামুআলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহ

Click here: <http://www.morningbrightness.fi/>

Click here: <https://www.youtube.com/@morningbrightness603>